

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ প্রবাসী বাংলাদেশী ও বাংলাদেশি নারী কর্মীদের রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা প্রদানের মধ্য দিয়ে “জাতীয় প্রবাসী দিবস-২০২৩” উদযাপন করল বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক প্রবাসী বাংলাদেশী ও বাংলাদেশি নারী কর্মীদের জন্য রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা প্রদানসহ বিশেষ কম্প্যুলার সেবা সপ্তাহ পালনের মধ্য দিয়ে প্রথম বারের মত উদযাপিত হল “জাতীয় প্রবাসী দিবস-২০২৩”। হংকংস্থ প্রবাসী বাংলাদেশী ও বাংলাদেশি নারী কর্মীদের অনুরোধে ও তাদের সুবিধার্থে দিবসটি দুই ভাগে বিভক্ত করে ২১ ডিসেম্বর ও ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে পালন করা হয়।

গত ২১ ডিসেম্বর ২০২৩ তারিখে কনস্যুলেট প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, হংকংস্থ বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ এসোসিয়েশন অব হংকং-এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরু করা হয়। প্রথম সচিব (শ্রম) জনাব জাহিদুর রহমানের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কনসাল জেনারেল মিজ ইসরাত আরা। দিবসটি উপলক্ষে কনসাল জেনারেল, ২০২২-২৩ অর্থ বছরে বৈধপথে বাংলাদেশে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরনকারী হংকংস্থ তিনজন প্রবাসী বাংলাদেশীকে রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা প্রদান করেন। এরপর তিনি ৩০ ডিসেম্বর ২০২৩ থেকে ০৫ জানুয়ারী ২০২৪ পর্যন্ত বিশেষ কম্প্যুলার সেবা সপ্তাহের শূভ উদ্বোধন ঘোষণা করেন। এ্যাওয়ার্ডপ্রাপ্তরা সরকারকে ধন্যবাদ জ্ঞাপনের পাশাপাশি বৈধপথে রেমিট্যান্স প্রেরনকারীদের কনস্যুলেট কর্তৃক সম্মাননা প্রদান করায় বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। এ উপলক্ষে কনসাল জেনারেল তাঁর বক্তব্যে প্রবাসীদের অসামান্য অবদানকে স্বীকৃতি দিয়ে ৩০শে ডিসেম্বর তারিখকে ‘জাতীয় প্রবাসী দিবস’ হিসেবে ঘোষণার বিষয়টি তুলে ধরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী নেতৃত্বে প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ সংরক্ষণে সরকারী বিভিন্ন উদ্যোগ নিয়ে আলোচনা করেন। বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে প্রবাসীদের অবদানের কথা গুরুত্বের সাথে তুলে ধরে তিনি প্রবাসীদের বৈধপথে রেমিট্যান্স প্রেরণ এবং ‘সর্বজনীন পেনশন স্কিমের’ আওতায় ‘প্রবাস স্কিম’ নিবন্ধন করার জন্য হংকংস্থ প্রবাসীদের উৎসাহিত করেন।

এছাড়া, “জাতীয় প্রবাসী দিবস” উপলক্ষে আজ ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে হংকংয়ে কর্মরত বাংলাদেশি নারী কর্মী ও রেমিট্যান্স যোদ্ধাদের নিয়ে আরেকটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশি নারী কর্মীদের ছুটির দিন রবিবার হওয়ায় প্রায় শতাধিক কর্মী এবং তাদের সাথে বেশ কয়েকজন নিয়োগ কর্তাও এতে উপস্থিত ছিলেন। পবিত্রধর্ম গ্রন্থ পাঠের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়। জাতীয় প্রবাসী দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রীর বাণীসমূহ পাঠ করা হয়। এরপর এ উপলক্ষে বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। অতঃপর নারী কর্মীদের মধ্য হতে ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশে বৈধ উপায়ে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরনকারী দশ জনকে কনসাল জেনারেল মিজ ইসরাত আরা “রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা-২০২৩” প্রদান করেন। সম্মাননা প্রাপ্তরা প্রথম বারের জাতীয় প্রবাসী দিবস পালনের সিদ্ধান্তের জন্য বাংলাদেশ সরকারকে বিশেষ কৃতজ্ঞতা জানান এবং ২০২২ সাল থেকে বাংলাদেশ কনস্যুলেট কর্তৃক “রেমিট্যান্স এ্যাওয়ার্ড ও সম্মাননা” প্রদানের উদ্যোগকে সাধুবাদ জানান। কনসাল জেনারেল তাঁর বক্তব্যে হংকংয়ে বসবাসরত নারী কর্মীদের তাদের কষ্টার্জিত অর্থ বৈধ উপায়ে দেশে প্রেরণ করে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য ধন্যবাদ জানান। তিনি কর্মীদের স্বার্থ ও অধিকার রক্ষায় তাদের সর্বোচ্চ সহযোগিতার পাশাপাশি উপস্থিত কয়েকজন কর্মী কর্তৃক তাদের সুযোগ সুবিধা বৃদ্ধির প্রস্তাব বিবেচনার আশ্বাস প্রদান করেন। এছাড়া, তিনি রেমিট্যান্স প্রেরণের ধারা অব্যাহত রাখা এবং নিজেদের ভবিষ্যৎ কল্যাণার্থে বাংলাদেশ সরকারের যুগান্তকারী পদক্ষেপ প্রবাস পেনশন স্কিমে রেজিস্ট্রেশনের জন্য আহ্বান জানান।

“জাতীয় প্রবাসী দিবস” উপলক্ষে প্রবাসী কর্মীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও মধ্যাহ্নভোজের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়। অনুষ্ঠান শেষে বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ ও ‘প্রবাস স্কিম’ সম্পর্কিত লিফলেট কর্মীদের মধ্যে বিতরণ করা হয়।

